হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের অক্টোবর,২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ

সভার তারিখ ঃ ১৮ অক্টোবর ২০২১ সময় ঃ বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার হাজিরা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ২৩.০৯.২০২১ খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়।	কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	(ক) উপজেলা প্রকৌশলী জানান যে, এডিপি ও রাজস্ব তহবিলের প্রকল্পের তালিকা ইউনিয়নসমূহ হতে পাওয়া গিয়েছে। স্কীম বাছাই কমিটির সভা আহবানপূর্বক স্কীম বাছাই চূড়ান্ত করার জন্য তিনি অনুরোধ করেন।	(ক) জরুরী ভিত্তিতে যাচাই-বাছাই কমিটির সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর।
		(খ) উপজেলা প্রকৌশলী হবিগঞ্জ সদর বলেন যে, রিচি ইউনিয়নের উত্তরকূল মৌজার হবিগঞ্জ পৌরসভার জন্য ডাম্পিং ষ্টেশনের জন্য স্থান জেলা প্রশাসক মহোদয় কর্তৃক নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত স্থানে যাতায়াতের জন্য খোয়াই নদীর বেরী বাঁধের উপর দিয়ে রাস্তা উন্নয়নের জন্য "তিতুখাই চানপুর মির্জাপুর রোড টু শাহপুর বাজার ওয়াপদা এমবাকমেন্ট রোড" (প্রস্তাবিত রোড আইডি-৬৩৬৪৪৪০৬২) এলজিইডি রোড ইনভেন্টরী তে অন্তভুর্ক্ত ও গেজেটভূক্ত করা প্রয়োজন। এব্যাপারে জেলা প্রশাসক মহোদয়ের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন।	(খ) তিতুখাই চানপুর মির্জাপুর রোড টু শাহপুর বাজার ওয়াপদা এমবাকমেন্ট রোড এলজিইডির রোড (প্রস্তাবিত রোড আইডি-৬৩৬৪৪৪০৬২)ইনভেন্টরীতে অর্ন্তভুক্ত ও গেজেটভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে পত্র লিখার জন্য অনুরোধ করা হয়।	(খ) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
		(গ) তিনি আরো বলেন পিইডিপি-৪ এর আওতায় ০১টি প্যাকেজ ০৪টি বিদ্যালয়ের মধ্যে এড়ালিয়া, তিতুখাই, মাছুলিয়া, সরকারি প্রাঃ বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। প্যাকেজভূক্ত আবাসিক এলাকা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কর্তৃপক্ষ সাইড বুঝিয়ে না দেয়ায় কাজটি করা সম্ভব হচ্ছে না। তাছাড়া বিদ্যালয়টি সরকারি কোয়ার্টার এলাকার মধ্যে হওয়ায় কোয়ার্টারের বাউন্ডারী ওয়াল থাকায় আলাদাভাবে বাউন্ডারী ওয়াল নির্মাণে আগ্রহী নয়। এমতাবস্থায় আবাসিক এলাকা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী	(গ) এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	(গ) উপজেলা শিক্ষা কর্মকর্তা, হবিগঞ্জ সদর

		দেয়াল নির্মাণের প্রয়োজন না হলে উপজেলা শিক্ষা কর্মকর্তা বা বিদ্যালয়ের কর্তৃপক্ষের লিখিত মতামত প্রয়োজন। (ঘ) তিনি আরও জানান যে, প্রকৌশল অফিসের পুরাতন দরজা জানালা মেরামত বাবদ ২৪,৪৫০/- এবং পুরাতন চেয়ারগুলো জরাজীর্ণ হওয়ায় নতুন চেয়ার ক্রয় বাবদ ২২,৫২০/-টাকা ব্যয় করার প্রস্তাব করেন।	(ঘ) প্রকৌশল অফিসের পুরাতন দরজা জানালা মেরামত ও চেয়ার ক্রয়ের প্রস্তাব সভায় অনুমোদিত হয়।	(ঘ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী হবিগঞ্জ সদর
০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মদিন উদযাপন উপলক্ষে কৃষি বিভাগ হতে ১০০টি তাল গাছের চারা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত চারাগুলো বিতরণের ব্যাপারে সভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন,চলতি রবি মৌসুমে এ পর্যন্ত প্রাপ্ত ৪১৫জন কৃষককে প্রণোদনা বাবদ সার ও বীজ প্রদান করা হবে। সারের মজুদ স্বাভাবিক আছে, মাঠে দন্ডায়মান ফসলের অবস্থা ভাল।	বিস্তারিত আলোচনান্তে প্রতিটি ইউনিয়নে ১২টি করে এবং উপজেলা কমপ্লেক্সে ৪টি তাল গাছের চারা রোপণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার/ ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
০৪	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, আজ দেশব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মদিন পালিত হচ্ছে। জন্মদিন উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে ১ম স্থান লাভ করেন হবিগঞ্জ বিয়াম স্কুলের ৩য় শ্রেণীর ছাত্রী রামিসা আনজুম আদ্রিতা। এ সাফল্যের জন্য সভার পক্ষ হতে তাকে অভিনন্দন জানানো হয়। তিনি বলেন, মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয় সমূহে শিক্ষা জরিপ কার্যক্রম চলমান আছে। সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ১৬-২০ অক্টোবর পর্যন্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষা জরিপ কার্যক্রম অনলাইনে সম্পন্ন হবে। তিনি আরও বলেন, আগামী ৩০অক্টোবর হতে ৫ নভেম্বর ২০২১ পর্যন্ত ৫-১৬ বছরের ছাত্র-ছাত্রীদের কৃমি নাশক ট্যাবলেট খাওয়ানো হবে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	শিশুদের কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানোর ব্যাপারে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান(সকল), হবিগঞ্জ সদর
০৫	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, তিনি বিগত ০৪ অক্টোবর,২০২১ এ উপজেলায় যোগদান করেছেন। বিভাগীয় কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন, যে সকল স্কুলে ২০০জন এর অধিক ছাত্র-ছাত্রী রয়েছে, সে সকল স্কুলে ৫০ হাজার টাকা প্রণোদনা প্রদান করা হবে।	স্বাস্থ্য বিধি মেনে ক্লাসে পাঠদান কার্যক্রম পরিচালনা হচ্ছে কিনা এবং শিক্ষকগণের উপস্থিতির ব্যাপারে নিয়মিত তদারকি করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৬	জনস্বাস্থ্য প্রকৌশলী হবিগঞ্জ সদর	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর বলেন তাঁর দপ্তরাধীন বর্তমানে টিউবওয়েল স্থাপনের কার্যক্রম চলমান। তেঘরিয়ার ইউনিয়ন ব্যতীত অন্য ইউনিয়নের তালিকা পাওয়া গিয়েছে। তেঘরিয়া ইউনিয়ন হতে তালিকা না পাওয়ায়	তেঘরিয়া ইউনিয়নের টিউবওয়েল সুবিধাভোগীদের তালিকা দ্রুত প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি,হবিগঞ্জ সদর

		পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। তিনি আরও বলেন, কোন স্কুলের টিউবওয়েল ও শৌচাগারে পানির সমস্যা হলে তাকে অবহিত করার জন্য অনুরোধ জানান।		
০৭	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বিগত ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্তের আলোকে বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি ইদানিং ১৪টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন। পরিদর্শনকালে কতিপয় স্কুলে শিক্ষক-শিক্ষিকাবৃন্দের দেরীতে বিদ্যালয়ে গমনের ফলে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে মর্মে প্রতীয়মান হয়। এব্যাপারে সংশ্লিষ্ট শিক্ষকগণকে যথাসময়ে বিদ্যালয়ে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।	স্বাস্থ্য বিধি মেনে ক্লাসে পাঠদান কার্যক্রম পরিচালনা হচ্ছে কিনা এবং শিক্ষকগণের উপস্থিতির ব্যাপারে নিয়মিত তদারকি করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৮	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, এ মাসে পৈল কমিউনিটি ক্লিনিকে ১০০টি ডেলিভারী সম্পন্ন হয়েছে। তিনি বলেন, তার অফিসের সম্মুখে উপজেলা পরিষদ হতে মাটি ভরাট করার জন্য প্রস্তাব করেন।	-	-
০৯	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর তার অফিসের জরুরী মেরামত কাজের জন্য ১৩,০০০/- টাকার প্রয়োজন।	উপজেলা সমবায় অফিস মেরামতের বিল বাবদ ১৩,০০০/-টাকা অনুমোদিত হয় এবং উক্ত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
১০	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর তার অফিসের বৈদ্যুতিক কাজের বিল= ৬,০০০/- টাকার বিল অনুমোদনের জন্য প্রস্তাব করেন।	উপজেলা মৎস্য অফিসের বৈদ্যুতিক কাজের বিল বাবদ =৬,০০০/-টাকা অনুমোদিত হয় এবং উক্ত বিল উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
১১	বিবিধ	(ক) চেয়ারম্যান, ৬ নং রাজিউড়া ইউপি বলেন, তিনি উপ নির্বাচনে বিজয়ী হয়ে অল্প কিছুদিন ইউনিয়ন পরিষদের কার্যক্রম পরিচালনা করেছেন। এ অল্প সময়ে তেমন কোন উন্নয়ন কাজ করা সম্ভব হয়নি। তাই ভুল-ত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার ও সকলের নিকট দোয়া কামনা করেন। (খ) চেয়ারম্যান, ৫নং গোপায়া ইউপি বলেন, তিনি বিগত ২০১৬ সালে নির্বাচিত হয়ে চেয়ারম্যানের দায়িত্ব পালন করে আসছেন। ইতোমধ্যে নির্বাচনের তফসিল ঘোষিত হওয়ায় ভূল-ত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার ও সকলের নিকট দোয়া কামনা করেন। (গ) চেয়ারম্যান, ১০ নং লস্করপুর ইউপি বলেন, তিনি বিগত ৫ বছর নির্বাচিত হয়ে চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন। সকল কর্মকর্তা ও জন প্রতিনিধিগণকে ভূল-ত্রুটি মার্জনা করার ও সকলের নিকট দোয়া কামনা করেন।		

		(ঘ) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, ইউপি চেয়ারম্যানদের জন্য শুভ কামনা জানান।		
		(ঙ) জনাব মাহবুবুর রহমান আউয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসিল ঘোষিত হওয়ায় এ সভাই তাদের শেষ সভা। তাই এডিপিসহ রাজস্ব তহবিলের অর্থ বিতরণ করা হলে তারা শেষ সময়ে কিছু কাজ সম্পন্ন করতে পারবেন। তাই শেষ সময়ে ইউপি চেয়ারম্যানগণের প্রত্যাশা পূরণ করার জন্য তিনি প্রস্তাব করেন।		
		(চ) উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর জন্মদিন উদযাপন উপলক্ষে সারাদেশে শেখ রাসেল দিবস পালন করা হচ্ছে। এ উপলক্ষে তিনি তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করেন। তিনি এডিপি'র প্রকল্প গ্রহণ, যাচাই-বাছাই ও মাসিক সভায় অনুমোদনপূর্বক ৩০ অক্টোবরের মধ্যে উপ-পরিচালক, স্থানীয় সরকার বরাবরে প্রেরণের বিধান রয়েছে। তাই নির্ধারিত সময়ের মধ্যে উক্ত কার্যক্রম সম্পন্ন করার উপর তিনি গুরুত্বারোপ করেন।		
		(ছ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, যেহেতু নির্বাচনের তপশিল ঘোষণা হয়েছে তাই ইউপি চেয়ারম্যানগণকে পরিষদের পক্ষ হতে আন্তরিক দোয়া ও শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং আগামী নির্বাচনে জয়ী হয়ে আসবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, লস্করপুর ইউনিয়নে ঠিকাদার কর্তৃক বিদ্যালয়ের কাজ করা হচ্ছে না। বিদ্যালয়টির কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদরকে অনুরোধ জানান। তিনি আরও বলেন, পরবর্তী সভার আগেই রাজস্ব তহবিলের অর্থের দ্বারা গৃহীত প্রকল্পের টেন্ডার কার্যক্রম শুরু করা হবে। দ্রুততম সময়ের মধ্যে এডিপি'র বরাদ্দকৃত অর্থের টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা হবে। তিনি উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত বিল=৩৭,০০০/-টাকা এবং শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষে ৬,০০০/- টাকা এবং উপজেলা পরিষদের অক্টোবর,২০২১ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল=৩০,০০০/-টাকা ব্যয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।	লস্করপুর ইউনিয়নে নির্মাণাধীন বিদ্যালয় ভবনটির কাজ মান সম্মতভাবে দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এডিপে,র কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর

১২। ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ১১ (ছ) এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নে বর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্রমিক নং	প্রস্তাবিত ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত বিল= ৩৭,০০০/-টাকা সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
০২	শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষে ৬,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত সহয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
০৩	উপজেলা পরিষদের অক্টোবর,২০২১ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল=৩০,০০০/- টাকার ব্যয় ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২১- ৫৫৫(৫০)

তারিখ : ১৮ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

১৮.১০.২১

বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর

পরিশিষ্ট 'ক'

১৮.১০.২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের অক্টোবর,২০২১ মাসের মাসিক সভায় উপস্থিতির তালিকা :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষরিত
০১	জনাব বর্ণালী পাল	উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর	
০২	জনাব মাহবুবুর রহমান আউয়াল	ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর	
০৩	জনাব ফেরদৌস আরা বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর	
০৪	জনাব সুকান্ত ধর	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর	
০৫	জনাব গৌবাপদ দে	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর	
০৬	জনাব রওশন আরা বেগম	উপজেলা প: প: কর্মকর্তা,হবিগঞ্জ সদর	
০৭	জনাব মো: আক্তার হোসেন	চেয়ারম্যান,৫ নং গোপায়া ইউপি,হবিগঞ্জ সদর	
০৮	জনাব মো: ফয়জুল ইসলাম	চেয়ারম্যান,৬ নং রাজিউড়া ইউপি,হবিগঞ্জ সদর	
০৯	জনাব মো: মাহমুদুল ইসলাম	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,হবিগঞ্জ সদর	
১০	জনাব মো: রায়হান উদ্দিন	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,হবিগঞ্জ সদর	
১১	জনাব রনজিৎ কুমার আচার	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,হবিগঞ্জ সদর	
১২	জনাব ফারুক আহমদ	উপজেলা প্রকৌশলী,এলজিইডি,হবিগঞ্জ সদর	
১৩	জনাব মো: আফতাব উদ্দিন	উপজেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
১৪	জনাব প্রাণেশ চন্দ্র বর্মা	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
১৫	জনাব রুপক চন্দ্র বণিক	উপজেলা সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক,আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক,হবিগঞ্জ সদর	
১৬	জনাব মো: জিয়া উদ্দিন	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
১৭	জনাব নুসরাত আল ফাতদি জাহান	তথ্যসেবা কর্মকর্তা,হবিগঞ্জ সদর	
১৮	জনাব মো: আব্দুর রাজ্জাক	সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর	
১৯	জনাব হাসনা হেনা	উপজেলা সমবায় কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
২০	জনাব মো: হাছিনুর রহমান তালুকদার	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,হবিগঞ্জ সদর	
২১	জনাব মাহবুবুর রহমান হিরু	চেয়ারম্যান,১০ নং লস্করপুর ইউপি,হবিগঞ্জ সদর	